# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৮৭

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১২. দ্বিতীয় অনুচ্ছেদ - ঠাট্টা ও কৌতুক প্রসঙ্গে

## আরবী

وَعَنْهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَهُ: «يَا ذَا الْأُذُنَيْنِ» . رَوَاهُ أَبُو دَاوُد وَالتِّرْمِذِيّ

## বাংলা

৪৮৮৭-[৪] উক্ত রাবী [আনাস (রাঃ)] হতে বর্ণিত। একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বললেনঃ হে দু’ কর্ণধারী! (আবূ দাঊদ ও তিরমিযী)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৫০০২, তিরমিযী ২০৭৭, সহীহুল জামি‘ ৭৯০৯, আহমাদ ১২১৬৪, মুসনাদে আবূ ইয়া‘লা ৪০২৯, শু‘আবুল ঈমান ৫২৪০, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৬৬২, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২১৭০১।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (يَا ذَا الْأُذُنَيْنِ) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আনাস (রাঃ)-কে সুন্দরভাবে মনোযোগ সহকারে শোনার জন্য উৎসাহিত ও সতর্ক সাবধান করেছেন। কারণ কানের কাজ হলো মনোযোগ দিয়ে শোনা। আল্লাহ যাকে দু’টি কান দিয়েছেন, আর সে মনোযোগ দিয়ে না শুনে অন্যমনস্ক থাকে তার কোন ওযর-আপত্তি নেই। এটাও বলা হয়েছে যে, এ বাক্যটির অর্থ হলো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কৌতুক করে আনাস (রাঃ)-কে কথাটি বলেছিলেন। এটা ছিল তার কোমল চরিত্রের নমুনা। নিহায়াহ্ গ্রন্থকার এরূপ বলেছেন।

(তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৯৯১, ‘আওনুল মা‘বূদ ৮ম খন্ড, হাঃ ৪৯৯৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75611

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন